**(একই নাম্বার ও তারিখে প্রতিস্থাপিত)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

**"অধিকার, সমতা, ক্ষমতায়ন**
**নারী ও কন্যার উন্নয়ন"**

**বিষয়: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নভেম্বর/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী:-**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মমতাজ আহমেদ, এনডিসি<br>সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ৩০/১১/২০২৫ সোমবার, দুপুর ০২:৩০ ঘটিকা। |
| স্থান | : | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ। |

সভায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মহোদয় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মাননীয় উপদেষ্টাসহ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর অক্টোবর/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় সংশোধনীসহ সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (শিশু ও সমন্বয়) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | সৃষ্টিশীল, নাগরিক-বান্ধব মানসিকতা নিয়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংস্কার পরিকল্পনা প্রণয়ন এবং একই সাথে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন | সংস্কার পরিকল্পনা প্রণয়ন এবং স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন প্রতিবেদন প্রতিমাসে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। সভাকে অবহিত করা হয় যে, এ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রয়েছে।<br><br>(ii) যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জানান যে, নারী সংস্কার কমিশনের সুপারিশ বাস্তবায়নের জন্য কমিটির প্রজ্ঞাপন হয়েছে এবং সকল তথ্য সংগ্রহ করা হয়েছে। পূর্বের এবং নতুন সংস্কার কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য খসড়া তৈরির কাজ শীঘ্রই শেষ হবে। তারপর আনুষ্ঠানিক সভা আহবান করা হবে। | (i) স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।<br><br>(ii) মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশ অনুযায়ী স্থায়ী নারী সংস্কার কমিশন গঠন করতে হবে এবং পূর্বের এবং নতুন সংস্কার কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য দপ্তর/সংস্থা/একাডেমির প্রতিনিধির সমন্বয়ে সভা করে একটি কমিটি তৈরি করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম। |
| ২. | সমন্বয় সভা | (ক) কার্যপত্র তৈরি করার জন্য প্রত্যেক শাখাকে সংশ্লিষ্ট কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি এবং দপ্তর/সংস্থা/একাডেমির সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সুনির্দিষ্ট তথ্য সমন্বয় শাখায় প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ক) কার্যপত্র তৈরি করার জন্য প্রত্যেক শাখা হতে শাখা সংশ্লিষ্ট কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি এবং দপ্তর/সংস্থা/একাডেমির সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | (ক) সকল কর্মকর্তা (মশিবিম), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ) ও নির্বাহী পরিচালক (জানস)। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩. | ডিজিটাল নথি ব্যবস্থাপনা | (ক) এ টু আই (a2i) থেকে প্রাপ্ত ড্যাশবোর্ড তথ্য অনুযায়ী -<br>• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়- ৯৩.১৩%।<br>• মহিলা বিষয়ক অধিদপ্তরের ডি-নথি কার্যক্রমের শতকরা হার- ১০০%।<br>• বাংলাদেশ শিশু একাডেমি- ৯৮.৩১%।<br>• জাতীয় মহিলা সংস্থা- ৯৮.৩০%।<br>• জয়িতা ফাউন্ডেশন- ৯৭.৫০%<br><br>সকল শাখার ডি নথির কার্যক্রম ধারাবাহিকভাবে সভায় তুলে ধরা হয়। মন্ত্রণালয়ের প্রশাসন-২, শিশু সুরক্ষা, শিপ্রায ও আইন শাখার ডি-নথির কার্যক্রম শূন্য হওয়ায় মন্ত্রণালয়ের ডি-নথির কার্যক্রম ৯৫% এর নিচে নেমে ৯৩.১৩% হয়েছে। উক্ত তিনটি শাখা আগামী মাসে কার্যক্রম বাড়াবে মর্মে সভাকে অবহিত করা হয়। যে সকল শাখার কার্যক্রম কমপক্ষে ৯৫% এর কম সে সকল শাখাকে পরবর্তী মাস থেকে ডি-নথির মাধ্যমে নথি নিষ্পত্তি করে কার্যক্রম ৯৫% এর উপরে বাড়ানোর জন্য সভাপতি নির্দেশনা দেন। | (ক) ডি-নথিতে নূন্যতম ৯৫% কার্যক্রম থাকতে হবে। ডি-নথির কার্যক্রম ৯৫% এর কম হলে মন্তব্যের কলামে ৯৫% এর কম হওয়ার কারণ উল্লেখ করতে হবে। | (ক) সকল কর্মকর্তা (মশিবিম), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ) ও নির্বাহী পরিচালক (জামস)। |
| | | (খ) নির্বাহী পরিচালক, জয়িতা ফাউন্ডেশন সভাকে অবহিত করেন যে, ডি-নথির কার্যক্রমের হার বাড়ানোর চেষ্টা অব্যাহত রয়েছে। জয়িতা ফাউন্ডেশনের ডি-নথির কার্যক্রম তুলনামূলকভাবে বৃদ্ধি পাওয়ায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য হয়। | (খ) জয়িতা ফাউন্ডেশন কে ডি-নথির কার্যক্রমে সক্রিয় হতে হবে। **(বাস্তবায়িত)** | (খ) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন। |
| | | (গ) সভাকে অবহিত করা হয় যে, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এর অর্গানোগ্রাম এখনো অনুমোদন না হওয়ায় ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যক্রম ডি-নথিতে করা যাচ্ছে না। সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী এবং ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে দ্রুত কার্যক্রমটি সম্পন্ন করার জন্য নির্দেশনা দেন। | (গ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যক্রম ডি-নথিতে অন্তর্ভূক্তির বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | (গ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, ও সংশ্লিষ্ট শাখা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪. | পরিদর্শন। | (ক) **শাখা/অধিশাখা পরিদর্শন:**<br>অক্টোবর-২০২৫ মাসে –<br>• যুগ্মসচিব (প্রশাসন)<br>• যুগ্মসচিব (জামস)<br>• উপসচিব (মবিঅ-১)<br>• উপসচিব (মবিঅ-২)<br>• উপসচিব (নাশিনিপ্র)<br>• উপসচিব (বাজেট)<br>• উপসচিব (প্রশিক্ষণ)<br>• উপসচিব (প্রশাসন -১)<br>• উপসচিব (পরিকল্পনা-২)<br>• উপসচিব পরিকল্পনা-৩)<br>• উপসচিব (উন্নয়ন-২)<br>• সিনিয়র সহকারী সচিব (শিশু সুরক্ষা)<br>• সিনিয়র সহকারী সচিব (আইন)<br>• সহকারী সচিব (সমন্বয়)<br>• সহকারী সচিব (প্রশাসন-৩) সংশ্লিষ্ট শাখা পরিদর্শন করেন।<br><br>নিয়মিত নির্দিষ্ট সময় অন্তর শাখা/অধিশাখা পরিদর্শন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ এবং মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ সমূহ একত্রিত করে বাস্তবায়নের জন্য প্রশাসন-১ শাখা থেকে নথি উপস্থাপন করতে হবে।<br><br>প্রত্যেক কর্মকর্তাকে নিজ দায়িত্বে নির্দিষ্ট সময় অন্তর তাদের শাখা/অধিশাখা পরিদর্শনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ক) অধিশাখা ও শাখা প্রধানগণ সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুযায়ী নিয়মিত নির্দিষ্ট সময় অন্তর শাখা পরিদর্শন করবেন এবং শাখা পরিদর্শন শেষে প্রতিবেদন সিনিয়র সচিব ও অতিরিক্ত সচিব (প্রশাসন) বরাবর দাখিল করতে হবে। শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ এবং মাঠ পর্যায়ের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য প্রশাসন-১ শাখা থেকে নথি উপস্থাপন করতে হবে। | (ক) সকল কর্মকর্তা (মশিবিম), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন)। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫. | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা/ একাডেমির অর্গ্রানোগ্রাম/সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ সংক্রান্ত। | (ক) সভাকে অবহিত করা হয় যে, 'সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ' বিষয়ে খসড়া তৈরি করা হয়েছে যার মাধ্যমে ২০১৫ সালের কর্মবন্টন আপডেট করা হবে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সকল শাখা ও দপ্তর/সংস্থা/একাডেমির মতামত সাপেক্ষে পরিপূর্ণ কার্যক্রম গ্রহণ করা হবে। এ সংক্রান্ত খসড়া তৈরি করা হয়েছে। প্রত্যেক শাখা হতে কর্মবন্টন পাওয়া গেলে মন্ত্রণালয়ের অনুমোদন নিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | (ক) মন্ত্রণালয়ের অর্গানোগ্রাম সংযোজন, সংশোধন ও পরিমার্জন করে উপস্থাপন করতে হবে। | (ক) প্রশাসন-১ শাখা, মশিবিম। |
| | | (খ) মহিলা বিষয়ক অধিদপ্তরের অর্গ্রানোগ্রাম অনুমোদনের বিষয়ে শাখার প্রতনিধি সভাকে অবহিত করেন যে, গত ০৪/১২/২০২৫ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের কোয়ারির প্রেক্ষিতে জবাব প্রকাশ করা হয়েছে।<br><br>এ বিষয়ে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে দ্রুত নিষ্পত্তি করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | (খ) মহিলা বিষয়ক অধিদপ্তরের অর্গানোগ্রাম ও সাংগঠনিক কাঠামোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | (খ) মহাপরিচালক (মবিঅ), সংশ্লিষ্ট শাখা (মবিঅ-১), মশিবিম। |
| | | (গ) নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা সভাকে অবহিত করেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গত ২৯/০৯/২০১১ তারিখ ২৬৯২টি (দুই হাজার ছয়শত বিরানব্বই) পদ শর্ত সাপেক্ষে রাজস্বখাতে সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়ার পর অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ আবশ্যক। সেই আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের যুগ্মসচিব এর পরামর্শ অনুযায়ী উক্ত পদসমূহ অনুমোদনের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা হয়। এছাড়া, জাতীয় মহিলা সংস্থাকে মহিলা বিষয়ক অধিদপ্তরের সাথে একীভূত করার বিষয়ে আলোচনা হয়। তবে বিষয়টি সময়সাপেক্ষ ও এর জন্য আইন পরিবর্তন/সংশোধন করতে হবে। এটি বাস্তবায়ন করতে হলে সকল বিষয়ে চেকলিস্ট তৈরি করে মাননীয় উপদেষ্টার অনুমোদন নিয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে মর্মে সভায় উল্লেখ করা হয়। | (গ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী সাংগঠনিক কাঠামো ও অগ্রানোগ্রাম প্রস্তুতপূর্বক জাতীয় মহিলা সংস্থাকে আগামী সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং জাতীয় মহিলা সংস্থাকে মহিলা বিষয়ক অধিদপ্তরের সাথে একীভূত করতে মাননীয় উপদেষ্টার অনুমোদন নেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (গ) নির্বাহী পরিচালক (জামস), জামস শাখা, মশিবিম। |
| | | (ঘ) এ বিষয়ে বাংলাদেশ শিশু একাডেমির প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ শিশু একাডেমির অর্গানোগ্রাম ও সাংগঠনিক কাঠামো সংশোধন/পূণবিন্যাস সংক্রান্ত বিষয়ে কার্যক্রম চলমান। আরো এক সপ্তাহ সময় লাগবে মর্মে সভাকে অবহিত করা হয়। | (ঘ) বাংলাদেশ শিশু একাডেমির অর্গানোগ্রাম ও সাংগঠনিক কাঠামো আগামী সমন্বয় সভার পূর্বে কার্যক্রম সম্পন্ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (ঘ) মহাপরিচালক (বাশিএ), শিশু শাখা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (ঙ) মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি ও জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রেখে কার্যক্রম চালিয়ে যাচ্ছে।<br>এ সংক্রান্ত কমিটিতে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাকে সদস্য হিসেবে রাখার জন্য এবং কমিটিতে প্রয়োজনে সদস্য সংযোজন/বিয়োজন করে পুনরায় দ্রুত কার্যক্রম গ্রহণের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ঙ) দপ্তর/সংস্থা একাডেমির অর্গানোগ্রামের বিষয়ে দপ্তর/সংস্থা/একাডেমির প্রধান এবং অর্গানোগ্রামের সাথে যুক্ত শাখার কর্মকর্তার সমন্বয়ে গঠিত কমিটির কার্যক্রম চলমান থাকবে। | (ঙ) মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখাসমূহ, মশিবিম। |
| | | (চ) সভাকে অবহিত করা হয়, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রকল্প থেকে আগত জনবলকে ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরে আত্তীকরণের কার্যক্রম চলমান রয়েছে।<br>জনবল আত্তীকরণের বিষয়ে হাইকোর্টের রায় বাস্তবায়নের জন্য পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি), জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের অনুমোদন প্রয়োজন।<br>এ বিষয়ে নাশিনিপ্র শাখা হতে পৃথক সভা করে বিষয়টি নিষ্পত্তির জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (চ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের জনবল রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয় প্রস্তাব (পদ সৃজন, সংরক্ষণ) প্রেরণ করতে হবে। | (চ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ও নাশিনিপ্র শাখা, মশিবিম। |
| ৬. | শূন্যপদে নিয়োগ | (ক) সভাকে অবহিত করা হয় যে, প্রশাসনিক মন্ত্রণালয় থেকে ১৭/০৯/২০২৫ ইং তারিখের স্মারক নং- ৩২.০০.০০০০.০০০.০১৮.৪৮.০০২৩.০২৫.৪৪৬ নং স্মারকের পত্রের নির্দেশনা অনুযায়ী ৫০ তম বিসিএস হতে নন-ক্যাডার (৯ম-১২ তম গ্রেড) শূন্য পদে নিয়োগের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের শূন্য পদের অধিযাচন এর তথ্য ৩০/০৯/২০২৫ ইং তারিখে ৭২৭ নং স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>এ বিষয়ে প্রশাসন-১ শাখা হতে পাবলিক সার্ভিস কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে।<br>মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্ব খাতের আওতায় প্রশাসনিক মন্ত্রণালয় হতে ছাড়পত্র পাওয়া ৩য় ও ৪র্থ শ্রেনির ৬৪৫টি শূন্যপদে নিয়োগ সংক্রান্ত কমিটির ২য় সভা ১১ সেপ্টেম্বর ২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত হয়েছে। চলমান কার্যক্রমের আওতায় ৫ সদস্যবিশিষ্ট কারিগরি কমিটি টেস্ট লিংক যাচাই বাছাই করে ৫ নভেম্বর ২০২৫ ইং তারিখে মহাপরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করেছে। সে প্রেক্ষিতে ডিপিসি কমিটির পরবর্তী সভা আহবানের কার্যক্রম প্রক্রিয়াধীন। | (ক) মহিলা বিষয়ক অধিদপ্তরের শূন্যপদ নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। ১ম ও ২য় শ্রেণীর নিয়োগ কার্যক্রম পিএসসি'এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। এ পর্যন্ত বিগত সময়ে পিএসসি তে যেসকল কর্মকর্তার শূন্য পদের চাহিদা প্রেরণ করা হয়েছে তা আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রেরণ করতে হবে। সকল শূন্য পদে দ্রুত নিয়োগের ব্যবস্থা করতে হবে। | (ক) মহাপরিচালক, (মবিঅ), মবিঅ-১ শাখা, প্রশাসন-১ শাখা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (খ) সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ শিশু একাডেমির ৫০টি শূন্যপদে জনবল নিয়োগের জন্য নিয়োগ কমিটির সভা ২০.১০.২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে। গত ১৪ ও ২২ নভেম্বর ২০২৫ তারিখে নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণ সম্পন্ন হয়েছে। ফলাফল বাংলাদেশ শিশু একাডেমির ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। মৌখিক পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>(গ) জাতীয় মহিলা সংস্থার অফিস সহায়ক এর ১৬টি শূন্য পদে নতুন করে বিজ্ঞপ্তি দিয়ে জনবল নিয়োগ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা সভাকে অবহিত করেন যে, এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে।<br><br>(ঘ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের নিয়োগবিধিটি জনপ্রশাসন, সচিব কমিটি ও বাংলাদেশ সরকারি কর্মকমিশনসহ সকল পর্যায় অতিক্রম করে বর্তমানে ভেটিং এর জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের (নাশিনিপ্র) শাখায় রয়েছে।<br>ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের নিয়োগ সংক্রান্ত সভা, জনবল নিয়োগ ও মেশিন পরিবর্তন সংক্রান্ত কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে ১০ ডিসেম্বর ২০২৫ তারিখের পর কমিটি গঠন করে কার্যক্রম চালানোর জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। | (খ) বাংলাদেশ শিশু একাডেমির শূন্যপদের নিয়োগ সংক্রান্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>(গ) জাতীয় মহিলা সংস্থার অফিস সহায়ক এর ১৬টি শূন্য পদে নতুন করে বিজ্ঞপ্তি দিয়ে জনবল নিয়োগ করতে হবে।<br><br>(ঘ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের শূন্যপদে নিয়োগের বিষয়ে রাজস্বখাতে সৃজিত পদসমূহ দ্রুত পূরণের লক্ষ্যে নিয়োগবিধি চূড়ান্ত করতে হবে এবং নতুন পদ সৃজনের ক্ষেত্রে পদের নাম উল্লেখ করতে হবে। | (খ) মহাপরিচালক, বাশিএ।<br><br>(গ) নির্বাহী পরিচালক (জামস)।<br><br>(ঘ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, নাশিনিপ্র শাখা, মশিবিম। |
| ৭. | GPMS বাস্তবায়ন | নথি উপস্থাপন করা হয়েছে। অনুমোদনের মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা হবে। | GPMS-এ সূচকের লক্ষ্যমাত্রা ও অর্জন নিয়ে GPMS টিম লিডারকে নিয়মিত সভা আহবান ও মনিটরিং করতে হবে। | GPMS টিম লিডার, সকল কর্মকর্তা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৮. | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত অক্টোবর/২০২৫ প্রতিবেদন ০৬/১১/২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। অক্টোবর/২০২৫ মাসে-<br>• মন্ত্রণালয়ে ২৬টি অভিযোগ পাওয়া গিয়েছে। নিষ্পত্তির হার ৭৩.০৮%।<br>• মহিলা বিষয়ক অধিদপ্তরে অক্টোবর/২০২৫ মাসে ৪৪টি অভিযোগ পাওয়া গিয়েছে। মোট ৪৪টি অভিযোগের মধ্যে ৩১টি নিষ্পত্তি হয়েছে। নিষ্পত্তির হার ৭৯.৫৫%।<br>• জাতীয় মহিলা সংস্থা হতে কোন অভিযোগ পাওয়া যায়নি।<br>• বাংলাদেশ শিশু একাডেমি ও জয়িতা ফাউন্ডেশন হতে কোন অভিযোগ পাওয়া যায়নি।<br>গত ৬ মাসের বিভিন্ন ক্যাটাগরির অভিযোগের চিত্র মাননীয় উপদেষ্টাকে দেখাতে হবে মর্মে সভায় নির্দেশনা দেয়া হয়। উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা অনুযায়ী অভিযোগের চিত্র, ক্যাটাগরি অনুযায়ী রিপোর্ট তৈরিকরত: পূর্ণাঙ্গ চিত্র উপস্থাপনের নির্দেশনা দেন। এছাড়া, অভিযোগের প্রেক্ষিতে কী ধরণের ব্যবস্থা নেয়া হয় ইত্যাদি বিষয়ে সভায় আলোচনা হয়। যে কোন নির্যাতন/নীপিড়নের বিরুদ্ধে দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। | অনলাইন এবং অফলাইনের প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। গত ৬ মাসের বিভিন্ন ক্যাটাগরির অভিযোগের চিত্র মাননীয় উপদেষ্টাকে দেখাতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম। |
| ৯. | ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ভবন নির্মাণের জমি সংক্রান্ত | (ক)(i) সভাকে অবহিত করা হয়, মহিলা বিষয়ক অধিদপ্তরের খালি জায়গায় ডিএনএ ল্যাব করার জন্য আধাসরকারি পত্রের খসড়া প্রস্তুত করা হয়েছে। গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে অনেক খালি জায়গা আছে। এ বিষয়ে খোঁজ নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। | (ক) (i) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ভবন নির্মাণের জমির বিষয়ে ভূমি মন্ত্রণালয় কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত জেলা প্রশাসন, ঢাকাকে সরবরাহ করতে হবে। এ বিষয়ে পুনরায় ভূমি মন্ত্রণালয় ও জেলা প্রশাসক, ঢাকাকে পত্র প্রেরণ করতে হবে এবং সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | (ক) (i) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ শাখা, মশিবিম। |
| | | (ক) (ii) মহাপরিচালক, ডিএনএ অধিদপ্তর ও ন্যাশনাল ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর বলেন যে, জায়গা বরাদ্দ ও ভবন নির্মাণ সময় সাপেক্ষ বিধায় ৩-৫ বৎসরের জন্য চুক্তিতে বাড়ি ভাড়া করেও ডিএনএ ল্যাবরেটরীর কার্যক্রম চালানো যায়। খালি জায়গা খোঁজ করা এবং পাশাপাশি বাড়ি ভাড়া বা সরকারী ভবনে জায়গা বরাদ্দের বিষয়টির ক্ষেত্রেও যোগাযোগ করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | (ক) (ii) জায়গা বরাদ্দ ও ভবন নির্মাণ সময় সাপেক্ষ বিধায় ৩-৫ বৎসরের জন্য চুক্তিতে বাড়ি ভাড়া করেও ডিএনএ অধিদপ্তর ও ন্যাশনাল ল্যাবরেটরীর কার্যক্রম চালানো যায়। খালি জায়গা খোঁজ করা এবং পাশাপাশি বাড়ি ভাড়া বা সরকারী ভবনে জায়গা বরাদ্দের বিষয়টির ক্ষেত্রেও যোগাযোগ করতে হবে। | (ক) (ii) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ শাখা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (ক) (iii) আগামী ০২ (দুই) সপ্তাহের মধ্যে ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের জন্য মন্ত্রণালয়ে একটি পৃথক ম্যানেজমেন্ট/শাখা তৈরির বিষয়ে নির্দেশনা দেয়া হয়। | (ক) (iii) আগামী ০২ (দুই) সপ্তাহের মধ্যে ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের জন্য মন্ত্রণালয়ে একটি পৃথক ম্যানেজমেন্ট/শাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) (iii) প্রশাসন অধিশাখা, মশিবিম। |
| | ডিএনএ পরীক্ষার ফি নন ট্যাক্স রেভিনিউ খাতে জমা প্রদানের লক্ষ্যে ব্যাংক হিসাবের শিরোনাম আংশিক সংশোধন ও অপারেটর পরিবর্তন সংক্রান্ত | (খ) (i) সভাকে অবহিত করা হয় যে, ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরীর নমুনা পরীক্ষার ফি জমা প্রদানের জন্য **প্রজেক্ট ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইল** শিরোনামে চলতি হিসাব নং-০২০০০০০৯৭৯৯০৩ অগ্রণী ব্যাংক পিএলসি, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় চলমান। উক্ত হিসাবটি তৎকালীন মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টোরাল প্রোগ্রামের যৌথ স্বাক্ষরে পরিচালিত হচ্ছে। উক্ত হিসাব হতে ২০২৩-২০২৪ অর্থ বছরে ৮৯,৭০,০০০/- (উনানব্বই লক্ষ সত্তর হাজার) টাকা উত্তোলন পূর্বক চালানের মাধ্যমে ননট্যাক্স রেভিনিউ খাতে জামা প্রদান করা হয়েছে। বর্তমানে উক্ত হিসাবে ৬০,০৯,৩৫৩/= (ষাট লক্ষ নয় হাজার তিনশত তিপান্ন) টাকা জমা রয়েছে কিন্তু ব্যাংক হিসাব পরিচালনার অপারেটর জটিলতায় উক্ত হিসাবের জমাকৃত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করা সম্ভব হচ্ছে না। ফলে উক্ত ব্যাংক হিসাবের শিরোনাম আংশিক সংশোধনসহ পূর্বের অপারেটর পরিবর্তন করে মহাপরিচালক এবং পরিচালক ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এর যৌথ স্বাক্ষরে হওয়া আবশ্যক। | (খ) (i) ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরীর নমুনা পরীক্ষার ফি জমা প্রদানের জন্য অগ্রণী ব্যাংক পিএলসি, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় চলতি হিসাব নং-০২০০০০০৯৭৯৯০৩-এর নাম কিছুটা পরিবর্তন করে শুধু 'ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইল' নামকরণ করতে হবে।<br><br>(খ) (ii) পরিবর্তিত চলতি হিসাবটির অপারেটর পরিবর্তন করে মহাপরিচালক এবং পরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এর যৌথ স্বাক্ষরে করতে হবে। | (খ) (i) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ও নাশিনিপ্র শাখা, মশিবিম।<br><br>(খ) (ii) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ও নাশিনিপ্র শাখা, মশিবিম। |
| ১০. | শিশু অধিদপ্তর গঠন | গত ০৯ অক্টোবর, ২০২৪ তারিখ বুধবার সকাল ১০:৩০ টা হতে দিনব্যাপী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় প্রস্তাবিত শিশু বিষয়ক অধিদপ্তর গঠনের বিষয়ে মন্ত্রণালয় ও স্টেকহোল্ডারদের সমন্বয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। স্টেকহোল্ডারদের নিকট হতে শিশু অধিদপ্তর গঠনের প্রতিবেদন পাওয়া গিয়েছে। খসড়া প্রতিবেদন চুড়ান্তকরণের কার্যক্রম চলমান রয়েছে। **শিশু সুরক্ষা শাখার কর্মকর্তা জানান যে,** শিশু বিষয়ক অধিদপ্তর গঠন সংক্রান্ত যাবতীয় প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনান্তে সভার তারিখ, স্থান ও সময় নির্ধারণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | শিশু অধিদপ্তর গঠনের কার্যক্রম দুত সম্পন্ন করার জন্য সভা আহবান করতে হবে। | শিশু সুরক্ষা শাখা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| ১১. | জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এর (মধ্য ও দীর্ঘ মেয়াদি) সিদ্ধান্ত বাস্তবায়ন ও জেলা প্রশাসক সম্মেলন ২০১৯-২৩-এর (দীর্ঘমেয়াদি) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নাধীন/ অনিষ্পন্ন/বাস্তবায়ন অগ্রগতি | (ক) **জেলা প্রশাসক সম্মেলন-২০২৪ এর**<br>• ২টি মধ্যমেয়াদি;<br>• ১টি দীর্ঘমেয়াদি সিদ্ধান্তের কার্যক্রম চলমান রয়েছে।<br>**জেলা প্রশাসক সম্মেলন-২০১৯-২০২৩ এর**<br>• ৩টি দীর্ঘমেয়াদি সিদ্ধান্তের বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।<br>মন্ত্রিপরিষদ বিভাগের জেলাপ্রশাসক সম্মেলনের কার্যবিবরণীতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ১টি সিদ্ধান্ত বাস্তবায়িত ও ১টি সিদ্ধান্ত নিষ্পত্তি করা হয়েছে।<br>প্রতিমাসে মন্ত্রিপরিষদ বিভাগে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। | (ক) জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এর (মধ্য ও দীর্ঘ মেয়াদি) সিদ্ধান্ত বাস্তবায়ন ও জেলা প্রশাসক সম্মেলন ২০১৯-২৩-এর (দীর্ঘমেয়াদি) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নাধীন/ অনিষ্পন্ন/বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করতে হবে। | (ক) মহাপরিচালক, মবিঅ ও মহাপরিচালক, বাশিএ। |
| | | (খ) সভাকে অবহিত করা হয় যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের আয় থেকে ব্যয় নির্বাহ করা হোস্টেলগুলো রাজস্বখাতভূক্ত করার ব্যবস্থা গ্রহণ করার জন্য একটি সারমর্ম তৈরীর নির্দেশনা রয়েছে। সারমর্মসহ সরকারি কোষাগার থেকে অর্থ বরাদ্দের জন্য ১৮ জুন ২০২৫ তারিখে স্মারক নং-৩২.০১.০০০০.০১১.০২.১১.০০৫.১২.৪৪ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে।<br>মবিঅ-২ শাখা হতে পত্র মারফত জানানো হয়েছে যে, এ সংক্রান্ত কার্যক্রম উন্নয়ন-১ শাখা সংশ্লিষ্ট।<br>এ বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা দেন। | (খ) মহিলা বিষয়ক অধিদপ্তরের আয় থেকে ব্যয় নির্বাহ করা হোস্টেল গুলোর রাজস্বখাতভূক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত একটি সারমর্ম তৈরি করে সরকারি কোষাগার থেকে অর্থ বরাদ্দের জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | (খ) মহাপরিচালক, মবিঅ ও সংশ্লিষ্ট শাখা, মশিবিম। |
| | | (গ) মহিলা বিষয়ক অধিদপ্তরের হোস্টেলগুলোর আয় বাড়াতে আরও প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার বিষয়ে সভায় নির্দেশনা দেয়া হয়। এছাড়া, ৯টি হোস্টেল মনিটরিং কর্মকর্তাদের সমন্বয়ে ১টি সভা করে সবার মতামতের ভিত্তিতে বাস্তবায়নযোগ্য সুপারিশ তুলে ধরে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মাননীয় উপদেষ্টা নির্দেশনা দেন। | (গ) আগামী সভার পূর্বে মহিলা বিষয়ক অধিদপ্তরের ৯টি হোস্টেল মনিটরিং কর্মকর্তাদের সমন্বয়ে ১টি সভা করে সবার মতামতের ভিত্তিতে বাস্তবায়নযোগ্য সুপারিশ তৈরিপূর্বক মাননীয় উপদেষ্টাকে অবহিত করতে হবে। | (গ) মহাপরিচালক, মবিঅ, সকল হোস্টেল সুপার, মবিঅ, মবিঅ-১ ও মবিঅ-২, মশিবিম। |
| | | (ঘ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা/একাডেমির সমন্বয়ে একটি সমন্বিত কেন্দ্রীয় প্রশিক্ষণ নীতিমালা তৈরি করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা/ একাডেমির প্রতিনিধিদের সমন্বয়ে একটি সমন্বিত প্রশিক্ষণ নীতিমালা তৈরির উপর সভা করার বিষয়ে সভাপতি নির্দেশনা দেন।<br>পরবর্তী সমন্বয় সভার পূর্বে সকল প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচি অত্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর প্রেরণ করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | (ঘ) (i) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা/একাডেমি প্রতিনিধিদের সমন্বয়ে সমন্বিত প্রশিক্ষণ নীতিমালার খসড়া তৈরির লক্ষ্যে সভা করতে হবে এবং উক্ত সভায় সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। | (ঘ) (i) অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন)। |

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>মন্ত্রণালয় দপ্তর/সংস্থা/একাডেমি ও বাহিরের জাতীয় পর্যায়ের প্রশিক্ষকদের সমন্বয়ে একটি খসড়া প্রশিক্ষণ নীতিমালা তৈরি করার লক্ষ্যে প্রশিক্ষণ সংক্রান্ত একটি কমিটি গঠন করার নির্দেশনা দেয়া হয়। প্রণীত সমন্বিত প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী মন্ত্রণালয়, দপ্তর/সংস্থা/একাডেমি স্ব স্ব প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করবে মর্মে সভায় আলোচনা হয়।</td><td>(ঘ) (ii) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা/একাডেমি কর্তৃক পরিচালিত বর্তমান সকল প্রশিক্ষণ কর্মসূচী অত্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়কে অবহিত করতে হবে।<br><br>(ঘ) (iii) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা/একাডেমির ইনহাউজ প্রশিক্ষণ কার্যক্রমের বিষয়বস্তুর সমন্বয়ে উক্ত গঠিত কমিটি কর্তৃক একটি খসড়া প্রশিক্ষণ নীতিমালা তৈরি করতে হবে।</td><td>(ঘ) (ii) অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন)।<br><br>(ঘ) (iii) ঐ।</td></tr>
<tr><td>১২.</td><td>মন্ত্রণালয়ের সাথে দপ্তর/সংস্থার অনিষ্পন্ন (Pending) বিষয় সংক্রান্ত।</td><td>(ক) সচিবালয় নির্দেশাবলী-২০২৪ অনুযায়ী নিম্নোক্ত ছকে সুনির্দিষ্ট তথ্য উল্লেখপূর্বক প্রতিমাসের ১-৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব ও সমন্বয় শাখায় প্রেরণ করার জন্য সভাপতি মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা, দপ্তর/সংস্থা ও একাডেমিকে নির্দেশনা প্রদান করেন।<br><br>.............. মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণ
<table>
<tr><th rowspan="2">গত মাসের জের</th><th rowspan="2">আলোচ্য মাসে প্রাপ্তি</th><th rowspan="2">আলোচ্য মাসে নিষ্পত্তি</th><th colspan="4">মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশী নহে</th><th>দুই সপ্তাহের অধিক অথচ এক মাসের বেশি নহে</th><th>এক মাসের অধিক</th><th>মোট</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
কোন অনিষ্পন্ন বিষয় থাকলে তার সঠিক তথ্য উল্লেখ করার এবং আরো বিস্তারিত তথ্য তুলে ধরার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>(খ) (i) সভাকে অবহিত করা হয় যে, ১৪৩ জন জনবল নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ফরমেট অনুযায়ী একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য গত ১৮/০৩/২০২৫ তারিখ ৮৬ নং স্মারকমূলে জয়িতা ফাউন্ডেশনকে পত্র প্রেরণ করা হয়েছে।<br>মবিঅ-২ শাখা হতে প্রাপ্ত ইউ.ও নোটের ভিত্তিতে বিষয়টি নিষ্পন্ন করা যায়।<br><br>(গ) মাননীয় উপদেষ্টা জয়িতা ফাউন্ডেশনের নবনির্মিত ভবনটির ভেতরের অবকাঠামো ও ফ্লোর প্ল্যান নিয়ে অসন্তোষ প্রকাশ করেন। তিনি জয়িতা ফাউন্ডেশনের নবনির্মিত ভবনটির অবকাঠামো ও</td><td>(ক) সচিবালয় নির্দেশাবলী-২০২৪ এর নির্ধারিত ছক অনুযায়ী সুনির্দিষ্ট তথ্য উল্লেখপূর্বক প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব বরাবর এবং অনুলিপি সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>(খ) (i) জয়িতা ফাউন্ডেশনের জনবলের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। (নিষ্পন্ন)<br><br>(গ) জয়িতা ফাউন্ডেশনের নবনির্মিত ভবনটির ভেতরের অবকাঠামো ও ফ্লোর প্ল্যান পুনর্গঠনের জন্য গৃহায়ণ ও</td><td>(ক) সকল কর্মকর্তা, (মশিবিম), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক, (জয়িতা ফাউন্ডেশন), ও সমন্বয় শাখা (মশিবিম)।<br><br>(খ) (i) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, মবিঅ-২ শাখা, মশিবিম।<br><br>(গ) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন ও মবিঅ-২ শাখা,</td></tr>
</table>

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ফ্লোর প্ল্যান পুনর্গঠনের জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে একটি আধা-সরকারি পত্র প্রেরণের জন্য নির্দেশনা দেন। | গণপূর্ত মন্ত্রণালয়ে একটি আধা-সরকারি পত্র প্রেরণ করতে হবে। | মশিবিম। |
| ১৩. | বিবিধ | (ক) তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপনের লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে গত ০৮/০৭/২০২৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক কর্মসম্পাদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় সিদ্ধান্তের আলোকে প্রশাসন-১ শাখা হতে তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপনের বিষয়টি সমন্বয় সভার এজেন্ডাভূক্ত করণের জন্য নির্দেশনা দেয়া হয়।<br>তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। | (ক) তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপনের লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন কর্মসূচি নির্ধারণ সংক্রান্ত। | (ক) প্রশাসন-১ শাখা, মশিবিম। |
| | | (খ) সমন্বয় সভা অনুষ্ঠানের পূর্ব পর্যন্ত যে সকল কর্মকর্তা বিভিন্ন সভা ও সেমিনারে যোগদান করেছেন তার বর্ণনা, তারিখসহ একটি ছোট প্রতিবেদন উপস্থাপন করার জন্য এবং প্রতি সভায় দুজন কর্মকর্তা বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রতিবেদন Power Point সহ উপস্থাপন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>সভাকে অবহিত করা হয় যে, এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। | (খ) সমন্বয় সভা অনুষ্ঠানের পূর্ব পর্যন্ত যে সকল কর্মকর্তা বিভিন্ন সভা ও সেমিনারে যোগদান করেছেন তার বর্ণনা, তারিখসহ একটি ছোট প্রতিবেদন উপস্থাপন করবেন। প্রতি সভায় দুজন কর্মকর্তা বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রতিবেদন Power Point সহ উপস্থাপন করবেন। | (খ) সকল কর্মকর্তা, মশিবিম ও প্রশাসন-১ শাখা, মশিবিম। |
| | | (গ) ভবিষ্যতে সরকারি ভবন নির্মাণ করার সময় নির্মিত ভবনে যেন ডে-কেয়ার রাখা হয় সে বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়কে পত্র এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়কে ডি.ও দেয়ার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>সভাকে অবহিত করা হয় যে, এ বিষয়ে কার্যক্রম সম্পন্ন হয়েছে বিধায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য হয়। | (গ) ভবিষ্যতে সরকারি ভবন নির্মাণ করার সময় নির্মিত ভবনে যেন ডে-কেয়ার রাখা হয় সে বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়কে পত্র এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়কে ডি.ও দিতে হবে। **(বাস্তবায়িত)** | (গ) মবিঅ-২ শাখা, মশিবিম |
| | | (ঘ) গাজীপুর ও শেরপুর জেলায় মহিলা বিষয়ক অধিদপ্তরের পরিত্যাক্ত ভবনগুলো কখন নির্মাণ করা হয়েছিল এবং ভবনগুলো কেন ব্যবহার করা হচ্ছে না তার তথ্য সংগ্রহপূর্বক সিনিয়র সচিবকে অবহিত করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br>ভবন সংক্রান্ত বিষয়ে আলাদা সভা করার ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা দেন। এ বিষয়ে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরকে এসেসমেন্ট করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | (ঘ) গাজীপুর ও শেরপুর জেলায় মহিলা বিষয়ক অধিদপ্তরের পরিত্যাক্ত ভবনগুলো কখন নির্মাণ করা হয়েছিল এবং ভবনগুলো কেন ব্যবহার করা হচ্ছে না তার তথ্য সংগ্রহপূর্বক সিনিয়র সচিবকে অবহিতকরণ ও ভবন সংক্রান্ত বিষয়ে আলাদা সভা করতে হবে। এ বিষয়ে মহাপরিচালক, মহিলা | (ঘ) মহাপরিচালক, মবিঅ, সংশ্লিষ্ট শাখা, মশবিমি। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (ঙ) বিভিন্ন হোস্টেলে কর্মজীবী নারীর পাশাপাশি ছাত্রী ভর্তি নেয়ার নির্দেশনার প্রেক্ষিতে সভাকে অবহিত করা হয় যে, নির্দেশনা মোতাবেক মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত আশুলিয়া কর্মজীবী মহিলা হোস্টেলে কর্মজীবী নারীর পাশাপাশি ছাত্রী ভর্তি করার বিষয়ে সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>অধিদপ্তর কর্তৃক পরিচালিত রাজস্ব খাতভূক্ত তিন (০৩টি) হোস্টেল (নীলক্ষেত/মিরপুর/খিলগাঁও) এ শূন্য সিটের বিপরীতে কয়েকগুণ বেশি আবেদন পাওয়া যায়। আবেদন অনুযায়ী কর্মজীবী নারীদের সিটের চাহিদা পূরণ করা সম্ভব হয় না। ছাত্রী ভর্তির বিষয়ে "হোস্টেল পরিচালনা নীতিমালা-২০২৫" (সংশোধিত) এর খসড়া অনুমোদনের নিমিত্ত যাচাই-বাছাই, সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের সুপারিশ প্রণয়নের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের ২২ এপ্রিল ২০২৫ ইং তারিখের ১২২ নং স্মারকের মাধ্যমে অতিরিক্ত সচিব (কার্যক্রম) এর সভাপতিত্বে ০৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।<br><br>সভাপতি এ বিষয়ে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরকে এসেসমেন্ট করে নীতিমালা সংশোধনের কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশনা দেন। | বিষয়ক অধিদপ্তরকে এসেসমেন্ট করে জানাতে হবে।<br><br>(ঙ) কেবলমাত্র আশুলিয়া কর্মজীবী মহিলা হোস্টেলে কর্মজীবী নারীর পাশাপাশি ছাত্রী ভর্তি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর পৃথক সভা করে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ঙ) মহাপরিচালক (মবিঅ), নির্বাহী পরিচালক (জামস), মবিঅ-২ শাখা, মশিবিম। |

১৪। যুগ্মসচিব (শিশু ও সমন্বয়) সভাকে অবহিত করেন যে, অক্টোবর/২০২৫ মাসের কার্যবিবরণী অনুযায়ী ০২টি সিদ্ধান্ত বাস্তবায়িত ও ০১টি সিদ্ধান্ত নিষ্পন্ন এবং ৩০টি আংশিক বাস্তবায়িত হয়েছে।

১৫। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২২/১২/২০২৫

(মমতাজ আহমেদ, এনডিসি)
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৪২.০৬.০০১.২৫ .২৯২

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪৩২ / ১৫ ডিসেম্বর ২০২৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা ।
৪. নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ঢাকা।
৬. যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৭. মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
৮. উপসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্ড এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১০. সিনিয়র সহকারী সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. প্রোগ্রামার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১২. সহকারী সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. লাইব্রেরিয়ান, প্রশাসন-১ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫.১২.২০২৫

(আফরোজা বেগম)
সহকারী সচিব (সমন্বয় শাখা)
ফোন ঃ ৫৫১০০২৪১
ইমেইল: sasadmn2@gmail.com

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।